DEC. 22 2001

[illegible]

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...



ডঃ এরশাদুল বারী

## ডঃ এম এরশাদুল বারী বাউবি'র নতুন ভিসি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** দেশের খ্যাতনামা শিক্ষাবিদ, বিশিষ্ট আইন বিশেষজ্ঞ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডীন অধ্যাপক এরশাদুল বারী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ভিসি পদে নিয়োগ লাভ করেছেন। তিনি ১০ ডিসেম্বর এ পদে দায়িত্বভার গ্রহণ করেন।

ডঃ বারী প্রথমে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এবং পরবর্তীতে ১৯৭৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে শিক্ষক হিসেবে যোগদান করেন। তিনি অর্থনীতিতে এমএ এবং আইনে এলএলএম ডিগ্রী লাভ করেন। অধ্যাপক বারী বাংলাদেশের

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## ডঃ এম এরশাদুল বারী

৮-এর পৃষ্ঠার পর

সর্বপ্রথম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক যিনি আইনে পিএইচডি ডিগ্রী লাভ করার জন্য ১৯৮২ সালে কমনওয়েলথ একাডেমিক স্টাফ স্কলারশিপ লাভ করেন। ১৯৮৫ সালে তিনি লন্ডন বিশ্ববিদ্যালয় হতে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। একইভাবে লন্ডন বিশ্ববিদ্যালয়ে পোস্ট-ডক্টরাল গবেষণা করার জন্য তিনিই প্রথম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক যাঁকে ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে কমনওয়েলথ একাডেমিক স্টাফ ফেলোশিপ প্রদান করা হয়। বস্তুত তিনি বাংলাদেশের একমাত্র শিক্ষক যিনি লন্ডনে উচ্চ শিক্ষার জন্য কমনওয়েলথ স্কলারশিপ ও ফেলোশিপ উভয়ই লাভ করেন। এছাড়া তিনি আইনে প্রশিক্ষণ গ্রহণের জন্য ফুলব্রাইট স্কলারশিপসহ আরো তিনটি স্কলারশিপ লাভ করেন। তিনি ক্যালিফোর্নিয়ার স্টানফোর্ড বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে এবং সিঙ্গাপুর জাতীয় বিশ্বদ্যিালয় হতে পরিবেশ সংক্রান্ত আইনে প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়া তিনি ফ্রান্সের স্ট্রাসবুর্গ এবং সুইজারল্যান্ড হতে মানবাধিকার বিষয়েও প্রশিক্ষণ গ্রহণ করেন।

অধ্যাপক ডঃ এম এরশাদুল বারী ১৯৮৮ সালের জুলাই হতে ৩০ জুন ১৯৯১ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন এবং ১৯৯১ সালের ১ জুলাই তারিখে আইন অনুষদের নির্বাচিত ডীন হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব গ্রহণের পূর্ব পর্যন্ত তিনি আইন অনুষদে ডীন হিসেবে কর্মরত ছিলেন। উল্লেখ্য যে ড বারী নির্বাচিত ডীন হিসেবে একনাগাে পাঁচ টার্ম (সাড়ে দশ বছর) দায়িত্ব পাল করেন।

বাংলাদেশের একজন প্রতিষ্ঠিত আইনজ্ঞ আইনের অধ্যাপক ডঃ এম এরশাদুল ব বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করে তিনি জনাব এ এইচ এম আব্দুর রশিদ মিসেস আবেদা খাতুনএর জ্যেষ্ঠ পুত্র। প্রফেসর এরশাদুল বারী রাজশাহী ও জ বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর এ বারীর জামাতা।